গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর

রাজস্ব শাখা

www.rangpur.gov.bd

নং- ০৫.৫৫.৮৫০০.০১০.০১.০৩৭(অংশ-১).১৭-৮২১

তারিখ : ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৩ জুন, ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখা এর ১০.১২.২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৫৫.১২.৭৪৪ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর রাজস্ব প্রশাসনের অধীনস্থ অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্যপদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত রংপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ (পাঁচ) টি | ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা-২০ শব্দ এবং ইংরেজি- ২০ শব্দ। |
| ০২ | নাজির-কাম-ক্যাশিয়ার | ০৭ (সাত) টি | ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। |
| ০৩ | ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী | ১১ (এগার) টি | ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। |
| ০৪ | সার্টিফিকেট পেশকার | ০২ (দুই) টি | ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। |
| ০৫ | সার্টিফিকেট সহকারী | ০৫ (পাঁচ) টি | ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। |

## শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রংপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। গত ২২/১০/২০১৭ তারিখের ৩১.৫৫.৮৫০০.০১০.০১.০৩৭(অংশ-১).১৭-১৬৬৫(৪৩) নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতঃপূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন, তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
০৩। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না।
০৪। ০১ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি থাকতে হবে।
০৫। নির্ধারিত আবেদন ফরমটি রংপুর জেলার ওয়েবসাইট (www.rangpur.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর ও রংপুর জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
০৬। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
০৭। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।
০৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
০৯। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫x৫ সে:মি: আকারের ছবি।
(খ) প্রার্থীকে ১/৪৬৩২/০০০১/২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করতে হবে।
(গ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাক টিকিট লাগানো একটি ১০.৫″ x ৪.৫″ সাইজের ফেরত খাম।
১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে :
(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্র।
(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়নপত্র দেখাতে হবে।
(চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঝ) ০১ নং পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।
১১। প্রার্থীর বয়সসীমা ০৬/০৬/২০২১ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পোষ্য এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
১২। দরখাস্ত জেলা প্রশাসক ও সভাপতি, জেলা বাছাই কমিটি, রংপুরকে সম্বোধন করে লিখতে হবে।
১৩। **আগামী ০৫/০৭/২০২১** তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে। সরাসরি আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।
১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
১৫। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।
১৬। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
১৭। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
১৮। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১৯। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
২০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
২১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
২২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
০৩/০৬/২০২১
(মো: আসিব আহসান)
জেলা প্রশাসক ও সভাপতি
জেলা বাছাই কমিটি, রংপুর
ফোন : ০৫২১-৬২১২১ (অফিস)
ই-মেইল : dcrangpur@mopa.gov.bd